এনএফআইএস এডমিনিস্ট্রেটিভ ইউনিট (এনএইউ)
(মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন সেকশন)
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

'জাতীয় আর্থিক অন্তর্ভুক্তি কৌশল (এনএফআইএস)' এর স্বতন্ত্র ওয়েবসাইট প্রস্তুত বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ আবুল বশর, নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক।
তারিখ : ২০ জুন ২০২২
সময় : সকাল ১১.০০ ঘটিকা।
স্থান : কনফারেন্স রুম, ৪র্থ তলা, মূল ভবন, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাটি জাতীয় আর্থিক অন্তর্ভুক্তি কৌশল (এনএফআইএস) এর স্বতন্ত্র ওয়েবসাইট তৈরী সংক্রান্ত হলেও সভাপতি এনএফআইএস এর প্রেক্ষাপট, উদ্দেশ্য, কৌশলগত অভীষ্ট ও লক্ষ্যমাত্রা এবং এর তিন স্তর বিশিষ্ট সমন্বয় কাঠামো 'এনএনসি', 'এনএসসি' ও 'এনএইউ' এর উপর সংক্ষিপ্ত আলোচনা করেন। সভাপতি এনএফআইএস প্রণয়নে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় সহ অন্যান্য সরকারী, বেসরকারী ও উন্নয়ন সহযোগী সংস্থাগুলোর সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। এ কৌশলপত্র প্রণয়নে জাতিসংঘ মহাসচিবের বিশেষ অ্যাডভোকেট ও নেদারল্যান্ডস এর মহামান্য রানী ম্যাক্সিমার গভীর আগ্রহ ও সমর্থন, যুক্তরাজ্য সরকারের ডিএফআইডি হতে অর্থায়ন ও কারিগরি সহায়তা এবং ইউএনসিডিএফ এর সহযোগিতার বিষয়টি সভাপতি পুনঃউল্লেখ করেন। এনএফআইএস একটি সরকারি দলিল যা ৩১ মে ২০২১ তারিখে মন্ত্রিসভায় অনুমোদিত হয় এবং এ কৌশলপত্র বাস্তবায়নে সভাপতি সকল অংশীজনদের সহযোগিতা কামনা করেন। এডিবি'র সহায়তায় একটি হালনাগাদ "কর্মপরিকল্পনা (Action Plan)" প্রণয়নের কাজ চলমান রয়েছে এবং দ্রুততম সময়ের মধ্যে কর্মপরিকল্পনা দাখিলের জন্য এডিবি কর্তৃক নিয়োজিত পরামর্শক সংস্থাকে অনুরোধ জানানো হয়েছে মর্মে সভাপতি সভাকে অবহিত করেন।

এনএফআইএস এর একটি স্বতন্ত্র ওয়েবসাইট তৈরীর বিষয়ে জনাব শাহানা ফেরদৌসী, অতিরিক্ত পরিচালক, এনএইউ কর্তৃক সভায় একটি Power Point Presentation করা হয়।

এনএফআইএস এর স্বতন্ত্র ওয়েবসাইট তৈরী বিষয়ক বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. নং | আলোচনা | মন্তব্য/সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১। | এনএফআইএস এর স্বতন্ত্র ওয়েবসাইট তৈরী করার ক্ষেত্রে এটুআই কর্তৃক অর্থায়ন ও কারিগরি সহায়তা প্রদান করা সম্ভব মর্মে জনাব মোহাম্মদ শামসুজ্জামান, উপসচিব, এটুআই মতামত ব্যক্ত করেন। এছাড়া এটুআই কর্তৃক এসডিজি ট্র্যাকার তৈরীর অভিজ্ঞতা এনএফআইএস এর ওয়েবসাইট এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন ট্র্যাকার তৈরীতে সহায়ক হবে মর্মে সভাকে অবহিত করেন। তবে প্রাথমিকভাবে কার্যক্রম শুরুর জন্য তিনি ওয়েবসাইট এর Functionality, Content প্রস্তুত সহ Requirment analysis সম্পন্ন করা এবং স্বয়ংক্রিয় পরিবীক্ষণ ও মূল্যায়ন কাঠামোর অংশ হিসেবে একটি Report Generation Template প্রস্তুত করার প্রয়োজনীয়তা উল্লেখ করেন। | ১। ওয়েবসাইট এর Functionality, Content প্রস্তুত সহ Requirment analysis সম্পন্নকরণ;<br>২। স্বয়ংক্রিয় পরিবীক্ষণ ও মূল্যায়ন কাঠামোর অংশ হিসেবে Report Generation Template প্রস্তুতকরণ। |
| ০২। | জনাব কামরুল হক মারুফ, উপসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয় সম্ভাব্য দ্রুততম সময়ের মধ্যে এনএফআইএস এর স্বতন্ত্র ওয়েবসাইট এবং ওয়েব ভিত্তিক পরিবীক্ষণ ও মূল্যায়ন কাঠামো প্রস্তুতের গুরুত্ব তুলে ধরেন। Data Provider সংস্থাসমূহের হালনাগাদ অবস্থা, তথ্যের পর্যাপ্ততা/উপযোগিতা, রিপোর্টিং ও কারিগরি সক্ষমতাসহ সংশ্লিষ্ট বিষয়সমূহ বিস্তারিত আলোচনা/মতবিনিময়ের জন্য একটি ওয়ার্কশপ আয়োজনের প্রয়োজনীয়তার বিষয়টিও উল্লেখ করেন। এছাড়া ওয়েবসাইট তৈরী সংক্রান্ত বিষয়ে একটি টেকনিক্যাল কমিটি (টিসি) গঠন করা প্রয়োজন মর্মেও তিনি অভিমত ব্যক্ত করেন। | ১। Data Provider সংস্থাসমূহের হালনাগাদ অবস্থা, তথ্যের পর্যাপ্ততা/উপযোগিতা, রিপোর্টিং ও কারিগরি সক্ষমতাসহ সংশ্লিষ্ট বিষয়সমূহ বিস্তারিত আলোচনা/মতবিনিময়ের জন্য ওয়ার্কশপ আয়োজন;<br>২। ওয়েবসাইট ও ওয়েবভিত্তিক পরিবীক্ষণ ও মূল্যায়ন ট্র্যাকার তৈরী সংশ্লিষ্ট টেকনিক্যাল কমিটি (টিসি) গঠনের উদ্যোগ গ্রহণ। |
| ০৩। | এনএফআইএস এর নিজস্ব ওয়েবসাইট এবং ওয়েব ভিত্তিক স্বয়ংক্রিয় পরিবীক্ষণ ও মূল্যায়ন ট্র্যাকার প্রস্তুতের বিষয়ে জনাব মোঃ তৌহিদুল আলম, প্রিন্সিপাল মেইনটিন্যান্স ইঞ্জিনিয়ার, বাংলাদেশ ব্যাংক ও জনাব মুনিরা জাহান, সিনিয়র সিস্টেমস এনালিস্ট, বাংলাদেশ ব্যাংক বিভিন্ন টেকনিক্যাল বিষয়ে এটুআই এর প্রতিনিধিগণের মতামত জানতে চাইলে এটুআই এর প্রতিনিধি জনাব মোহাম্মদ শামসুজ্জামান, উপসচিব, এটুআই উক্ত বিষয়গুলো বিস্তারিত আলোচনা করেন এবং ওয়েবসাইট প্রস্তুতের কার্যক্রম শুরুর পূর্বে একটি MoU স্বাক্ষরের মাধ্যমে পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে অবহিত করেন। | ১। এনএফআইএস এর নিজস্ব ওয়েবসাইট এবং ওয়েব ভিত্তিক স্বয়ংক্রিয় পরিবীক্ষণ ও মূল্যায়ন ট্র্যাকার প্রস্তুতের নিমিত্ত এটুআই এর সাথে MoU স্বাক্ষরের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আবুল বশর)
নির্বাহী পরিচালক